রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৯, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**বিদ্যুৎ বিভাগ**

**সমন্বয়-২ শাখা**

## প্রজ্ঞাপন

তারিখ: ১৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/২৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নম্বর ৪৩ আইন/২০২৪।**—সরকার, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩নং আইন) এর ধারা ৩৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, মূল্যহার সমন্বয়ের লক্ষ্যে, জনস্বার্থে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডে এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড কর্তৃক সরবরাহকৃত বিদ্যুতের খুচরা মূল্যহার এবং বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার জন্য চার্জ/ফি নিম্ন সারণি ও নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, পুনঃনির্ধারণ করিল, যথা:—

### সারণি-১

### বিদ্যুতের খুচরা মূল্যহার

**ক. নিম্নচাপ (এলটি): ২৩০/৪০০ ভোল্ট**

| | | |
|---|---|---|
| বিদ্যুৎ সরবরাহ | : | নিম্নচাপ এসি সিঙ্গেল ফেজ ২৩০ ভোল্ট এবং ৩ ফেজ ৪০০ ভোল্ট |
| ফ্রিকোয়েন্সি | : | ৫০ সাইকেল/সেকেন্ড |
| অনুমোদিত লোড | : | সিঙ্গেল ফেজ ০-৭.৫ কি. ও. এবং ৩ ফেজ ০-৮০ কি. ও.[১] |



মূল্য : টাকা ২০.০০

| গ্রাহক শ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ (টাকা/কি. ও.[২]/মাস) |
|---|---|---|---|
| (১) | | (২) | (৩) |
| ১। | এলটি-এ: আবাসিক | | ৪২.০০ |
| | লাইফ লাইন : ০-৫০ ইউনিট | ৪.৬৩[৩] | |
| | প্রথম ধাপ : ০-৭৫ ইউনিট | ৫.২৬ | |
| | দ্বিতীয় ধাপ : ৭৬-২০০ ইউনিট | ৭.২০ | |
| | তৃতীয় ধাপ : ২০১-৩০০ ইউনিট | ৭.৫৯ | |
| | চতুর্থ ধাপ : ৩০১-৪০০ ইউনিট | ৮.০২ | |
| | পঞ্চম ধাপ : ৪০১-৬০০ ইউনিট | ১২.৬৭ | |
| | ষষ্ঠ ধাপ : ৬০০ ইউনিটের উর্ধ্বে | ১৪.৬১ | |
| ২। | এলটি-বি: সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প | ৫.২৫ | ৪২.০০ |
| ৩। | এলটি-সি ১: ক্ষুদ্র শিল্প | | ৪৮.০০ |
| | ফ্ল্যাট | ১০.৭৬ | |
| | অফ-পীক | ৯.৬৮ | |
| | পীক | ১২.৯৫ | |
| ৪। | এলটি-সি ২: নির্মাণ | ১৫.১৫ | ১২০.০০ |
| ৫। | এলটি-ডি ১: শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল | ৭.৫৫ | ৬০.০০ |
| ৬। | এলটি-ডি ২: রাস্তার বাতি ও পানির পাম্প | ৯.৭১ | ৯০.০০ |
| ৭। | এলটি-ডি ৩: ব্যাটারি চার্জিং স্টেশন | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ৯.৬২ | |
| | অফ-পীক[৪] | ৮.৬৬ | |
| | সুপার অফ-পীক[৫] | ৭.৬৮ | |
| | পীক[৬] | ১২.১৪ | |
| ৮। | এলটি-ই: বাণিজ্যিক ও অফিস | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১৩.০১ | |
| | অফ-পীক | ১১.৭১ | |
| | পীক | ১৫.৬২ | |
| ৯। | এলটি-টি: অস্থায়ী | ২০.১৭ | ১২০.০০ |

## খ. মধ্যমচাপ (এমটি): ১১ কেভি

বিদ্যুৎ সরবরাহ : মধ্যমচাপ এসি ১১ কেভি

ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড

অনুমোদিত লোড : ৫০ কি. ও. এর অব্যবহিত উর্ধ্ব হইতে অনূর্ধ্ব ৫ মে. ও.

| | গ্রাহক শ্রেণি | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ (টাকা/কি. ও.[২]/মাস) |
|---|---|---|---|
| | (১) | (২) | (৩) |
| ১। | **এমটি-১: আবাসিক** | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১০.৫৫ | |
| | অফ-পীক | ৯.৫০ | |
| | পীক | ১৩.২৯ | |
| ২। | **এমটি-২: বাণিজ্যিক ও অফিস** | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১১.৬৩ | |
| | অফ-পীক | ১০.৪৮ | |
| | পীক | ১৪.৫৭ | |
| ৩। | **এমটি-৩: শিল্প** | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১০.৮৮ | |
| | অফ-পীক | ৯.৭৫ | |
| | পীক | ১৩.৬২ | |
| ৪। | **এমটি-৪: নির্মাণ** | | ১২০.০০ |
| | ফ্ল্যাট | ১৪.৩৮ | |
| | অফ-পীক | ১২.৯৯ | |
| | পীক | ১৮.০৬ | |
| ৫। | **এমটি-৫: সাধারণ**[৭] | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১০.৬১ | |
| | অফ-পীক | ৯.৫৬ | |
| | পীক | ১৩.৪২ | |

| (১) | | (২) | (৩) |
|---|---|---|---|
| ৬। | **এমটি-৬: অস্থায়ী** | ১৯.০২ | ১২০.০০ |
| ৭। | **এমটি-৭: ব্যাটারি চার্জিং স্টেশন** | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ৯.৫৯ | |
| | অফ-পীক[৪] | ৮.৬৩ | |
| | সুপার অফ-পীক[৫] | ৭.৭১ | |
| | পীক[৬] | ১২.১৪ | |
| ৮। | **এমটি-৮: সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প** | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ৬.৪২ | |
| | অফ-পীক | ৫.৭৭ | |
| | পীক | ৮.০৬ | |

**গ. উচ্চচাপ (এইচটি): ৩৩ কেভি**

বিদ্যুৎ সরবরাহ : উচ্চচাপ এসি ৩৩ কেভি

ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড

অনুমোদিত লোড : ৫ মে. ও. এর অব্যবহিত ঊর্ধ্ব হইতে অনূর্ধ্ব ৩০ মে. ও.
(২০ মে. ও. এর ঊর্ধ্বে অবশ্যই ডাবল সার্কিট)

| গ্রাহক শ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ (টাকা/কি. ও.[২]/মাস) |
|---|---|---|---|
| (১) | | (২) | (৩) |
| ১। | **এইচটি-১: সাধারণ** | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১০.৬১ | |
| | অফ-পীক | ৯.৫৮ | |
| | পীক | ১৩.৩২ | |
| ২। | **এইচটি-২: বাণিজ্যিক ও অফিস** | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১১.৩৯ | |
| | অফ-পীক | ১০.২৬ | |
| | পীক | ১৪.৪০ | |

| (১) | | (২) | (৩) |
|---|---|---|---|
| ৩। | **এইচটি-৩: শিল্প** | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১০.৭৫ | |
| | অফ-পীক | ৯.৬৯ | |
| | পীক | ১৩.৪৭ | |
| ৪। | **এইচটি-৪: নির্মাণ** | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১৩.৩৭ | |
| | অফ-পীক | ১২.১০ | |
| | পীক | ১৬.৮৯ | |

**ঘ. অতি উচ্চচাপ (ইএইচটি): ১৩২ কেভি এবং ২৩০ কেভি**

বিদ্যুৎ সরবরাহ : অতি উচ্চচাপ এসি ১৩২ কেভি এবং ২৩০ কেভি

ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড

অনুমোদিত লোড : ইএইচটি-১ : ২০ মে. ও. হইতে অনূর্ধ্ব ১৪০ মে. ও.
(কারিগরি বিবেচনায় সিঙ্গেল অথবা ডাবল সার্কিট)

ইএইচটি-২ : ১৪০ মে. ও. এর ঊর্ধ্বে

| গ্রাহক শ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ (টাকা/কি. ও.$^{২}$/মাস) |
|---|---|---|---|
| (১) | | (২) | (৩) |
| ১। | ইএইচটি-১: সাধারণ | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১০.৬৬ | |
| | অফ-পীক | ৯.৬১ | |
| | পীক | ১৩.৪৫ | |
| ২। | ইএইচটি-২: সাধারণ | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১০.৬১ | |
| | অফ-পীক | ৯.৫৪ | |
| | পীক | ১৩.৩৩ | |

[১] নতুন সংযোগের ক্ষেত্রে ৮০ কি.ও. অনুমোদিত লোড পর্যন্ত নিম্নচাপ (এলটি) গ্রাহক হিসাবে বিবেচিত হইবে। প্রয়োজন অনুসারে ৫০ কি.ও. হইতে ৮০ কি.ও. পর্যন্ত অনুমোদিত লোডের নূতন গ্রাহক নিম্নচাপ (এলটি) অথবা মধ্যমচাপ (এমটি) গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইতে পারিবে। তবে ৫০ কি.ও. হইতে ৮০ কি.ও. পর্যন্ত অনুমোদিত লোডের বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে তাহাদের বর্তমান গ্রাহক শ্রেণি (অনুমোদিত লোড ৫০ কি.ও. পর্যন্ত এলটি এবং অনুমোদিত লোড ৫০ কি.ও. এর অব্যবহিত উর্ধ্ব হইতে ৮০ কি.ও. পর্যন্ত এমটি) অপরিবর্তিত/অব্যাহত থাকিবে।

[২] ডিমান্ড চার্জ নিরূপণের ক্ষেত্রে নিম্নবর্ণিতভাবে ডিমান্ড (কি.ও.) বিবেচনায় নিতে হইবে, যথা:—

(ক) সকল এলটি এবং এমটি গ্রাহকের ক্ষেত্রে অনুমোদিত লোড (কি.ও.) প্রযোজ্য হইবে; এবং

(খ) সকল এইচটি এবং ইএইচটি গ্রাহকের ক্ষেত্রে রেকর্ডকৃত সর্বোচ্চ চাহিদা (কি.ও.) অথবা অনুমোদিত লোডের (কি.ও.) ৮০% এর মধ্যে যাহা সর্বোচ্চ তাহা প্রযোজ্য হইবে।

[৩] বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) এর যে সকল পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) এর লাইফ-লাইন (০-৫০ ইউনিট) গ্রাহকের এনার্জি রেট/চার্জ ৪.৬৩ টাকা/কি.ও.ঘ. এর উর্ধ্বে সে সকল পবিস এর বিদ্যমান এনার্জি রেট/চার্জ অপরিবর্তিত থাকিবে। লাইফ লাইন (০-৫০ ইউনিট) গ্রাহকের মূল্যহারের সুবিধা আবাসিক গ্রাহক শ্রেণির অন্য কোনো গ্রাহক পাইবেন না।

[৪] প্রযোজ্য সকল গ্রাহক শ্রেণির ক্ষেত্রে সাধারণভাবে রাত ১১:০০ টা হইতে পরদিন বিকাল ৫:০০ টা পর্যন্ত সময় অফ-পীক হিসাবে গণ্য হইবে। তবে কেবল এলটি-ডি ৩ এবং এমটি-৭ গ্রাহক শ্রেণির ক্ষেত্রে রাত ১১:০০ টা হইতে পরদিন সকাল ৫:০০ টা পর্যন্ত এবং সকাল ৯:০০ টা হইতে বিকাল ৫:০০ টা পর্যন্ত সময় অফ-পীক হিসাবে গণ্য হইবে।

[৫] এলটি-ডি ৩ এবং এমটি-৭ গ্রাহক শ্রেণির ক্ষেত্রে সকাল ৫:০০-৯:০০ টা পর্যন্ত সময় সুপার অফ-পীক হিসাবে গণ্য হইবে।

[৬] প্রযোজ্য সকল গ্রাহক শ্রেণির ক্ষেত্রে সাধারণভাবে বিকাল ৫:০০ টা হইতে রাত ১১:০০ টা পর্যন্ত সময় পীক হিসাবে গণ্য হইবে।

[৭] বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড এর আওতাধীন এমটি-৫ গ্রাহক শ্রেণির মধ্যে যাহাদের বিদ্যুৎ ব্যবহার প্রধানত (প্রায় ৮০%) আবাসিক ধরনের যেমন-ডরমিটরিসহ সেনানিবাস বা বিশ্ববিদ্যালয়-সে সব ক্ষেত্রে ব্যবহৃত বিদ্যুতের ২০% এমটি-৫ এর এনার্জি রেট/চার্জ (১০.৬১ টাকা/কি.ও.ঘ.), ৭২% এলটি-এ এর তৃতীয় ধাপ এবং চতুর্থ ধাপের গড় এনার্জি রেট/চার্জ (৭.৮১ টাকা/কি.ও.ঘ.) এবং ৮% এলটি-এ এর ষষ্ঠ ধাপের এনার্জি রেট/চার্জ (১৪.৬১ টাকা/কি.ও.ঘ.) অনুসারে বিল করিতে হইবে। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের ক্ষেত্রে ব্যবহৃত সম্পূর্ণ বিদ্যুৎ পূর্বের নিয়মের ধারাবাহিকতায় এমটি-৫ এর এনার্জি রেট/চার্জ অনুসারে বিল করিতে হইবে।

<u>শর্তাবলি:</u>

(১) **বিলম্ব-পরিশোধ মাশুল:**

সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে ৫% (পাঁচ শতাংশ) হারে এককালীন বিলম্ব পরিশোধ মাশুল প্রযোজ্য হইবে এবং বিলম্ব-পরিশোধ মাশুলের উপর পুনরায় কোনো মাশুল প্রযোজ্য হইবে না।

(২) **মূল্য সংযোজন কর:**

বিদ্যুৎ বিলের ওপর সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হইবে;

(৩) **পাওয়ার ফ্যাক্টর সারচার্জ:**

(ক) অনুমোদিত লোড ২০ কিলোওয়াট (কি.ও.) এর উর্ধ্বের সকল নিম্নচাপ (এলটি) গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) অবশ্যই ০.৯৫ বা উহার উর্ধ্বে রাখিতে হইবে;

(খ) সকল মধ্যমচাপ (এমটি), উচ্চচাপ (এইচটি) এবং অতি উচ্চচাপ (ইএইচটি) গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) অবশ্যই ০.৯৫ বা উহার উর্ধ্বে রাখিতে হইবে;

(গ) দফা (ক) এবং (খ) এ বর্ণিত গ্রাহকের ক্ষেত্রে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯৫ এর কম রেকর্ড হইলে নিম্নবর্ণিত হারে সারচার্জ প্রযোজ্য হইবে;

সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯৫ এর অব্যবহিত নিম্ন হইতে মাসিক গড় পিএফ ০.৭৫ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য গ্রাহকের বিলের এনার্জি চার্জের ওপর ০.৭৫% (শূন্য দশমিক সাত পাঁচ শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হইবে;

(ঘ) সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৭৫ এর নিচে নামিয়া গেলে প্রতি বিল মাসে গ্রাহককে লিখিতভাবে অবহিত করিতে হইবে। পর পর ৩ (তিন) বিল মাস সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর ০.৭৫ এর নিচে নামিয়া গেলে গুণগত মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের স্বার্থে গ্রাহককে ১৫ (পনেরো) দিনের নোটিশ প্রদানপূর্বক বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হইবে; এবং

(ঙ) দফা (ঘ) এ উল্লিখিত কারণে বিচ্ছিন্ন হওয়া গ্রাহকের বিদ্যুৎ সংযোগ যথাযথ শুদ্ধকরণ সরঞ্জাম (পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভমেন্ট প্ল্যান্ট) স্থাপন এবং প্রযোজ্য সংযোগ বিচ্ছিন্নকরণ ও পুনঃসংযোগ চার্জ প্রদান সাপেক্ষে পুনর্বহাল করা যাইবে;

(৪) **নিরাপত্তা জামানত:**

(ক) নতুন সংযোগ এবং অনুমোদিত লোড পরিবর্তনের ক্ষেত্রে নিম্ন সারণিতে বর্ণিত হারে নিরাপত্তা জামানত প্রযোজ্য হইবে, যথা:—

**সারণি**

| গ্রাহক শ্রেণি | | জামানতের হার (টাকা/কি.ও.) |
|---|---|---|
| ১। | এলটি-এ এবং এলটি-বি | ৪৮০.০০ (২ কি.ও. পর্যন্ত) |
| | | ৭২০.০০ (২ কি.ও. এর উর্ধ্বে) |
| ২। | এলটি-সি ১, এলটি-সি ২, এলটি-ডি ১, এলটি-ডি ২, এলটি-ডি ৩, এলটি-ই এবং এলটি-টি | ৯৬০.০০ |
| ৩। | এমটি, এইচটি এবং ইএইচটি | ১২০০.০০ |

(খ) প্রি-পেইড মিটারের মাধ্যমে নূতন সংযোগ প্রদানের ক্ষেত্রে অথবা বিদ্যমান প্রি-পেইড গ্রাহকদের লোড বৃদ্ধির ক্ষেত্রে অনুমোদিত লোড/অতিরিক্ত অনুমোদিত লোডের বিপরীতে নিরাপত্তা জামানত প্রযোজ্য হইবে না;

(গ) প্রি-পেইড মিটার দ্বারা বিদ্যমান মিটার প্রতিস্থাপন করা হইলে গ্রাহকের পূর্বের নিরাপত্তা জামানত বিতরণ সংস্থা বা কোম্পানি গ্রাহককে ফেরত প্রদান নিশ্চিত করিবে; এবং

(ঘ) দফা (ক) এর সারণিতে উল্লিখিত নিরাপত্তা জামানত ব্যতীত অন্য কোনো নিরাপত্তা জামানত আরোপ করা যাইবে না;

(৫) **অনুমোদিত লোডসীমা অতিক্রম এবং স্থাপনার লোড পরিবর্তন:**

(ক) কোনো গ্রাহকের অনুমোদিত লোড হইতে তাহার মিটারের রেকর্ডকৃত সর্বোচ্চ চাহিদা বেশি হইলে অনুমোদিত লোডের অতিরিক্ত লোডের জন্য দ্বিগুণ হারে ডিমান্ড রেট/চার্জ প্রযোজ্য হইবে;

(খ) কোনো গ্রাহকের সর্বোচ্চ চাহিদা ক্রমাগতভাবে ৩ (তিন) মাস অনুমোদিত লোডের ১১০% (একশত দশ শতাংশ) অতিক্রম করিলে অতিরিক্ত লোড অনুমোদন করাইবার জন্য গ্রাহককে নোটিশ প্রদান করিতে হইবে। চতুর্থ মাসেও সর্বোচ্চ চাহিদা অনুমোদিত লোডের ১১০% (একশত দশ শতাংশ) এর বেশি হইলে গ্রাহকের বিদ্যুৎ সংযোগ ১৫ (পনেরো) দিনের নোটিশ প্রদানপূর্বক বিচ্ছিন্ন করা হইবে;

(গ) কোনো গ্রাহক তাহার প্রয়োজন অনুসারে লিখিত অনুরোধের মাধ্যমে নিয়মানুযায়ী তাহার স্থাপনার অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড পরিবর্তনের (বৃদ্ধি বা হ্রাস) জন্য বিতরণ সংস্থা/কোম্পানির নিকট আবেদন করিতে পারিবেন। এইরূপ ক্ষেত্রে বিতরণ সংস্থা/কোম্পানি গ্রাহকের আবেদন গ্রহণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিয়মানুযায়ী গ্রাহকের অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড পরিবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করিবে; এবং

(ঘ) কোনো গ্রাহকের বিদ্যমান অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে পরিবর্তন করা যাইবে না;

(৬) **গ্রাহকের অনুরোধে সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প এবং কৃষি ভিত্তিক মৌসুমী ক্ষুদ্র শিল্প গ্রাহকের বিলিং পদ্ধতি এবং সংযোগ বিচ্ছিন্নকরণ:**

(ক) এলটি—বি (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) শ্রেণির গ্রাহক সেচ মৌসুমের পর এবং এলটি—সি ১ (ক্ষুদ্র শিল্প) শ্রেণির অন্তর্ভুক্ত কৃষি ভিত্তিক মৌসুমী ক্ষুদ্র শিল্প গ্রাহক মৌসুমের পর কিংবা অন্য কোনো কারণে (গ্রাহকের ইচ্ছানুযায়ী) প্রযোজ্য সংযোগ বিচ্ছিন্নকরণ চার্জ পরিশোধ সাপেক্ষে সংযোগ বিচ্ছিন্ন রাখিতে পারিবে; এবং

(খ) উপরের অনুচ্ছেদ ৬ (ক) এ বর্ণিত গ্রাহকের পুনরায় সংযোগ গ্রহণের ক্ষেত্রে পুনঃসংযোগ চার্জ প্রযোজ্য হইবে। তবে সংযোগ বিচ্ছিন্নকালীন ডিমান্ড চার্জ বা অন্য কোনো চার্জ প্রযোজ্য হইবে না;

(৭) **ব্যাটারি চার্জিং স্টেশনের গ্রাহকের বিলিং:**

এলটি—বি (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প), এলটি—ডি ১ (শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল) এবং এমটি—৮ (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) গ্রাহক আঙ্গিনা ব্যতীত অন্যান্য স্থাপনায় ব্যাটারি চার্জিং করা হইলে ব্যবহৃত বিদ্যুৎ সংশ্লিষ্ট স্থাপনার শ্রেণিতে ব্যবহৃত হইয়াছে মর্মে গণ্য হইবে;

(৮) **মিটার ভাড়া:**

(ক) বিদ্যুৎ বিতরণ সংস্থা বা কোম্পানির অর্থে স্থাপিত মিটারের ক্ষেত্রে মিটার ভাড়া সংক্রান্ত প্রচলিত নিয়ম অব্যাহত থাকিবে;

(খ) নূতন সংযোগের ক্ষেত্রে যেসকল গ্রাহক বিদ্যুৎ বিতরণ সংস্থা বা কোম্পানির মিটার ও মিটার স্থাপনের যাবতীয় খরচ এককালীন বহন করিতে আগ্রহী অথবা যেসকল গ্রাহক নিজে মানসম্মত মিটার সরবরাহ করিবে তাহাদের নিকট হইতে মিটার ভাড়া নেওয়া যাইবে না;

**(৯) প্রি-পেইড মিটার:**

(ক) প্রি-পেইড মিটার গ্রাহকগণ বিদ্যমান নিয়মানুসারে মূল্য সংযোজন কর ব্যতীত নীট বিলের ওপর ০.৫% (শূন্য দশমিক পাঁচ শতাংশ) হারে রিবেট প্রাপ্ত হইবেন;

(খ) ইমার্জেন্সি ব্যালান্সের ক্ষেত্রে সুদ প্রযোজ্য হইবে না;

(গ) কোনো কারণে প্রি-পেইড মিটার লক হইয়া গেলে, গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি মিটার আনলকের ব্যবস্থা গ্রহণ করিবে। কারিগরি ত্রুটির কারণে প্রি-পেইড মিটার লক হইলে কোনো চার্জ/ফি প্রযোজ্য হইবে না;

(ঘ) সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির ভেন্ডিং/রিচার্জ স্টেশন বা ব্যাংক হইতে গ্রাহক কোনো চার্জ/ফি প্রদান ব্যতিরেকে প্রি-পেইড মিটারে ভেন্ডিং/রিচার্জ করিবে;

(ঙ) গ্রাহক কর্তৃক বিল প্রদান সহজতর করিবার জন্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি পর্যাপ্ত সংখ্যক ভেন্ডিং/রিচার্জ স্টেশন এবং ব্যাংক ও ব্যাংকের শাখার মাধ্যমে প্রি-পেইড মিটারে ভেন্ডিং/রিচার্জ করিবার কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবে; এবং

(চ) প্রি-পেইড মিটারের বিষয়ে গ্রাহকদের সঠিক ধারণার জন্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি তথ্য সমৃদ্ধ (যেমন: প্রি-পেইড মিটার সম্পর্কিত প্রাথমিক ধারণা, বিলিং পদ্ধতি, ভেন্ডিং/রিচার্জ সংক্রান্ত নিয়ম-কানুন ইত্যাদি) একটি সহায়ক নির্দেশিকা (Instruction Manual) বিদ্যমান ও নূতন প্রি-পেইড মিটার গ্রাহককে প্রদান করিবে।

**ব্যাখ্যা-১।**—এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে—

**(ক) এলটি-সি ২: নির্মাণ**

(অ) ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রিজ, ফ্লাইওভার, বিদ্যুৎ কেন্দ্র ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এলটি-সি ২ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে; এবং

(আ) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ, প্রযোজ্য ক্ষেত্রে, যথাযথ গ্রাহক শ্রেণিতে রূপান্তর করা হইবে;

**(খ) এলটি – ডি ১: শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল**

৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সরকারি-বেসরকারি সকল শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতালের বিদ্যুৎ ব্যবহার এলটি-ডি ১ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

**(গ) এলটি-ডি ২: রাস্তার বাতি ও পানির পাম্প**

৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল রাস্তার বাতি এবং খাবার পানি সরবরাহের উদ্দেশ্যে জনস্বার্থে স্থাপিত সকল পানির পাম্প/নলকূপ, গ্রামীণ এলাকায় আর্সেনিক মুক্ত পানি সরবরাহের জন্য জনস্বার্থে স্থাপিত সকল খাবার পানির পাম্প এবং জলাবদ্ধতা নিরসণের লক্ষ্যে জনস্বার্থে স্থাপিত পানি নিষ্কাশন পাম্প এলটি-ডি ২ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

**(ঘ) এলটি-ডি ৩: ব্যাটারি চার্জিং স্টেশন**

৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের ব্যাটারি চার্জিং স্টেশনের বিদ্যুৎ ব্যবহার এলটি-ডি ৩ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

**(ঙ) এলটি-টি: অস্থায়ী**

(অ) ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এবং বাণিজ্যিক কার্যক্রমের (যে সকল সংযোগ সাধারণত স্থায়ী সংযোগে রূপান্তরিত হয় না) বিদ্যুৎ ব্যবহার এলটি-টি গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে; এবং

(আ) সাধারণভাবে সর্বোচ্চ ৩ (তিন) মাসের জন্য এ শ্রেণির সংযোগ বিবেচনা করা হইবে, তবে গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে এলটি-টি গ্রাহক শ্রেণির বিদ্যুৎ ব্যবহারের সর্বোচ্চ সময়সীমা ১ (এক) বৎসর পর্যন্ত বৃদ্ধি করা যাইবে;

**(চ) এমটি-১: আবাসিক**

(অ) ৮০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সম্পূর্ণ আবাসিক ভবন/স্থাপনা এবং সমিতি পরিচালিত বহুতল সম্পূর্ণ আবাসিক ভবন/স্থাপনার সম্পূর্ণ আবাসিক বিদ্যুৎ ব্যবহার এমটি-১ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

(আ) সাধারণভাবে মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে এমটি-১ গ্রাহক শ্রেণির মিটারিং/বিলিং হইবে। তবে একক মিটার ভিত্তিক ব্যবস্থাও বহাল থাকিবে। উভয় ক্ষেত্রেই ট্রান্সফরমারের উচ্চচাপ প্রান্তে একটি মেইন মিটার থাকিবে এবং সেখানে সমুদয় এনার্জি রেকর্ড হইবে। গ্রাহক ট্রান্সফরমার, উচ্চচাপ নিয়ন্ত্রণকারী এবং রক্ষাকারী সরঞ্জাম এবং পাওয়ার ফ্যাক্টর শুদ্ধকরণ সরঞ্জাম সহযোগে তাহার নিজের উপকেন্দ্র স্থাপন করিবেন;

(ই) মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে মিটারিং/বিলিং এর ক্ষেত্রে প্রতিটি আবাসিক ফ্ল্যাট/গ্রাহকের জন্য মেইন মিটারের আওতায় পৃথক সাব-মিটার ও হিসাব নম্বর থাকিবে এবং এলটি-এ (আবাসিক) গ্রাহক শ্রেণির মূল্যহার (স্ল্যাব সুবিধাসহ), শর্তাবলি (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদি সহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী আবাসিক সাব-মিটার সমূহের বিল করা হইবে;

(ঈ) মেইন মিটারের মোট ব্যবহৃত ইউনিট হইতে আবাসিক সাব-মিটারসমূহের রেকর্ডকৃত/বিলকৃত ইউনিটের যোগফল বাদ দিয়া প্রাপ্ত অবশিষ্ট ইউনিট কমন সার্ভিস ব্যবহার (Common Service Use) হিসাবে গণ্য হইবে এবং এমটি-১ (আবাসিক) গ্রাহক শ্রেণির মূল্যহার, শর্তাবলি (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদিসহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী কমন সার্ভিস ব্যবহারের বিল করা হইবে। কমন সার্ভিস ব্যবহারের অনুমোদিত লোড নির্দিষ্ট করা থাকিতে হইবে; এবং

(উ) গ্রাহকের অনুরোধে একক মিটার ভিত্তিক বিলিং ব্যবস্থা মেইন মিটার সাব-মিটার ভিত্তিক মিটারিং/বিলিং ব্যবস্থায় রূপান্তর করা যাইবে;

**(ছ) এমটি-২: বাণিজ্যিক**

(অ) ৫০ কিলোওয়াটের অব্যবহিত ঊর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল অফিস, দোকানপাট, শপিং কমপ্লেক্স/প্লাজা, হোটেল/মোটেল/রেস্টুরেন্ট, রিসোর্ট, বিনোদন স্থাপনা, সিনেমা হল, ব্যবসায়িক/ট্রেডিং, বাণিজ্যিক ও সেবা প্রদানকারী অন্যান্য স্থাপনা/প্রতিষ্ঠান এবং বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার বাণিজ্যিক এবং কমন সার্ভিসের বিদ্যুৎ ব্যবহার এমটি-২ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

(আ) ট্রান্সফরমারের উচ্চচাপ প্রান্তে একটি মেইন মিটার থাকিবে এবং সেখানে সমুদয় এনার্জি রেকর্ড হইবে। গ্রাহক ট্রান্সফরমার, উচ্চচাপ নিয়ন্ত্রণকারী এবং রক্ষাকারী সরঞ্জাম এবং পাওয়ার ফ্যাক্টর শুদ্ধকরণ সরঞ্জাম সহযোগে তাহার নিজের উপকেন্দ্র স্থাপন করিবে;

(ই) বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনা ব্যতীত অন্য সকল গ্রাহকের ক্ষেত্রে একক পয়েন্ট মিটারিং ব্যবস্থায় বিল করা হইবে;

(ঈ) বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার ক্ষেত্রে মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে বিলিং হইবে। প্রতিটি আবাসিক ফ্ল্যাট/গ্রাহকের জন্য মেইন মিটারের আওতায় পৃথক সাব-মিটার ও হিসাব নম্বর থাকিবে এবং এলটি-এ (আবাসিক) গ্রাহক শ্রেণির মূল্যহার (স্ল্যাব সুবিধাসহ), শর্তাবলি (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদি সহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী আবাসিক সাব-মিটারসমূহের বিল করা হইবে;

(উ) মেইন মিটারের মোট ব্যবহৃত ইউনিট হইতে আবাসিক সাব-মিটার সমূহের রেকর্ডকৃত/বিলকৃত ইউনিটের যোগফল বাদ দিয়া অবশিষ্ট ইউনিট বাণিজ্যিক এবং কমন সার্ভিস ব্যবহার (Common Service Use) হিসাবে গণ্য হইবে এবং এক্ষেত্রে এমটি-২ (বাণিজ্যিক ও অফিস) গ্রাহক শ্রেণির মূল্যহার, শর্তাবলি (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদি সহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী বিল করা হইবে। বাণিজ্যিক এবং কমন সার্ভিস ব্যবহারের অনুমোদিত লোড নির্দিষ্ট করা থাকিতে হইবে;

(ঊ) যে সকল বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনায় বর্তমানে একক মিটারিং ব্যবস্থা প্রচলিত রহিয়াছে, সেইগুলোর ক্ষেত্রে গ্রাহক ইচ্ছা পোষণ করিলে স্বীয় ব্যয়ে মিটারিং ব্যবস্থা মেইন মিটার ও সাব-মিটার ব্যবস্থায় রূপান্তর করিতে পারিবেন; এবং

(ঋ) একক মিটারিং ব্যবস্থা মেইন মিটার ও সাব-মিটার ব্যবস্থায় রূপান্তরের পূর্ব পর্যন্ত একক মিটার ভিত্তিক বিলিং ব্যবস্থা বহাল থাকিবে;

**(জ) এমটি—৪: নির্মাণ**

(অ) ৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রিজ, ফ্লাইওভার, বিদ্যুৎ কেন্দ্র ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এমটি-৪ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে; এবং

(আ) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ, প্রযোজ্য ক্ষেত্রে, যথাযথ গ্রাহক শ্রেণিতে রূপান্তর করা হইবে;

**(ঝ) এমটি-৫: সাধারণ**

এমটি-১ (আবাসিক), এমটি-২ (বাণিজ্যিক ও অফিস), এমটি-৩ (শিল্প), এমটি-৪ (নির্মাণ), এমটি-৬ (অস্থায়ী), এমটি-৭ (ব্যাটারি চার্জিং স্টেশন) এবং এমটি-৮ (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত গ্রাহক ব্যতীত কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের একক পয়েন্ট মিটার ভিত্তিক অন্যান্য মধ্যমচাপ গ্রাহক যেমন: সরকারি-বেসরকারি সকল শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল, ক্যান্টনমেন্ট, পাবলিক লাইব্রেরি, জাদুঘর, খাবার পানি সরবরাহের উদ্দেশ্যে জনস্বার্থে স্থাপিত পানির পাম্প, জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে জনস্বার্থে স্থাপিত পানি নিষ্কাশন পাম্প, রেলওয়ে, মেট্রোরেল, বিমানবন্দর, ইত্যাদি এমটি-৫ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

**(ঞ) এমটি-৬: অস্থায়ী**

(অ) ৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এবং বাণিজ্যিক কার্যক্রমের (যে সকল সংযোগ সাধারণত স্থায়ী সংযোগে রূপান্তরিত হয় না) বিদ্যুৎ ব্যবহার এমটি-৬ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে; এবং

(আ) সাধারণভাবে সর্বোচ্চ ৩ (তিন) মাসের জন্য এ শ্রেণির সংযোগ বিবেচনা করা হইবে, তবে গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে এমটি-৬ গ্রাহক শ্রেণির বিদ্যুৎ ব্যবহারের সর্বোচ্চ সময়সীমা ১ (এক) বৎসর পর্যন্ত বৃদ্ধি করা যাইবে;

**(ট) এমটি-৭: ব্যাটারি চার্জিং স্টেশন**

৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত মধ্যমচাপে অনুমোদিত লোডের ব্যাটারি চার্জিং স্টেশনের বিদ্যুৎ ব্যবহার এমটি-৭ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

**(ঠ) এমটি-৮: সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প**

৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প এমটি-৮ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

**(ড) এইচটি-১: সাধারণ**

এইচটি-২ (বাণিজ্যিক ও অফিস), এইচটি-৩ (শিল্প) এবং এইচটি-৪ (নির্মাণ) গ্রাহক শ্রেণির আওতাধীন বাণিজ্যিক ও অফিস, শিল্প এবং নির্মাণ স্থাপনা/গ্রাহক ব্যতীত ৫ মেগাওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের একক পয়েন্ট মিটার ভিত্তিক অন্যান্য সকল গ্রাহক এইচটি-১ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

**(ঢ) এইচটি-২: বাণিজ্যিক ও অফিস**

৫ মেগাওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল অফিস, দোকানপাট, শপিং কমপ্লেক্স/প্লাজা, হোটেল/মোটেল/রেস্টুরেন্ট, রিসোর্ট, বিনোদন স্থাপনা, সিনেমা হল, ব্যবসায়িক/ট্রেডিং, বাণিজ্যিক ও সেবা প্রদানকারী অন্যান্য স্থাপনা/প্রতিষ্ঠান এবং বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার বাণিজ্যিক এবং কমন সার্ভিসের বিদ্যুৎ ব্যবহার এইচটি-২ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

**(ণ) এইচটি-৪: নির্মাণ**

(অ) ৫ মেগাওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রিজ, ফ্লাইওভার, বিদ্যুৎ কেন্দ্র, ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এইচটি-৪ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে; এবং

(আ) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ, প্রযোজ্য ক্ষেত্রে, যথাযথ গ্রাহক শ্রেণিতে রূপান্তর করা হইবে;

**ব্যাখ্যা-২**

**(ক)** নতুন সংযোগের ক্ষেত্রে ৮০ কিলোওয়াট অনুমোদিত লোড পর্যন্ত (এলটি) গ্রাহক হিসাবে বিবেচিত হইবে। প্রয়োজন অনুসারে ৫০ কিলোওয়াট এর অব্যবহিত উর্ধ্ব হইতে ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের নূতন গ্রাহক, এলটি অথবা এমটি গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইতে পারিবে। তবে ৫০ কিলোওয়াট এর অব্যবহিত উর্ধ্ব হইতে ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে তাহাদের বর্তমান গ্রাহক শ্রেণি (অনুমোদিত লোড ৫০ কিলোওয়াট পর্যন্ত এলটি এবং অনুমোদিত লোড ৫০ কিলোওয়াট এর অব্যবহিত উর্ধ্ব হইতে ৮০ কিলোওয়াট পর্যন্ত এমটি) অপরিবর্তিত/অব্যাহত থাকিবে; এবং

**(খ)** যে সকল গ্রাহকের বিল এই প্রজ্ঞাপন জারির পূর্বে উপরে বর্ণিত নির্ধারিত গ্রাহক শ্রেণি ব্যতীত ভিন্ন কোনো গ্রাহক শ্রেণিতে বিল করা হইতেছে সে সকল গ্রাহক বিল মাস ফেব্রুয়ারি, ২০২৪ হইতে স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত শ্রেণির গ্রাহক হিসাবে রূপান্তর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এজন্য কোনো চার্জ/ফি প্রযোজ্য হইবে না।

## সারণি-২

## বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার জন্য ফি/চার্জ

| বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার বিবরণ | | গ্রাহক শ্রেণি/প্রযোজ্যতা | | ফি/চার্জ (টাকা) |
|---|---|---|---|---|
| (১) | | (২) | | (৩) |
| ১। | নূতন সংযোগ এবং লোড পরিবর্তনের আবেদন ফি (প্রতিটি মিটারের জন্য) | এলটি | (১) এক ফেজ | ১২০.০০ |
| | | | (২) তিন ফেজ | ৩৬০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১২০০.০০ |
| | | ইএইচটি | | ২৪০০.০০ |
| ২। | অস্থায়ী সংযোগের আবেদন ফি | এলটি | (১) এক ফেজ | ৩০০.০০ |
| | | | (২) তিন ফেজ | ৬০০.০০ |
| | | এমটি | | ১২০০.০০ |
| ৩। | (ক) বকেয়ার কারণে সংযোগ বিচ্ছিন্নকরণ (DC) চার্জ | এলটি | (১) এক ফেজ | ৩৬০.০০ |
| | | | (২) তিন ফেজ | ৯৬০.০০ |
| | | এমটি ও এইচটি | | ৬০০০.০০ |
| | | ইএইচটি | | ১২০০০.০০ |
| | (খ) বকেয়ার কারণে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ চার্জ (RC) | এলটি | (১) এক ফেজ | ৩৬০.০০ |
| | | | (২) তিন ফেজ | ৯৬০.০০ |
| | | এমটি ও এইচটি | | ৬০০০.০০ |
| | | ইএইচটি | | ১২০০০.০০ |
| ৪। | (ক) গ্রাহকের অনুরোধে সংযোগ বিচ্ছিন্নকরণ (DC) চার্জ | এলটি | (১) এক ফেজ | ২৪০.০০ |
| | | | (২) তিন ফেজ | ৪৮০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১২০০.০০ |
| | | ইএইচটি | | ২৪০০.০০ |
| | (খ) গ্রাহকের অনুরোধে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ চার্জ (RC) | এলটি | (১) এক ফেজ | ২৪০.০০ |
| | | | (২) তিন ফেজ | ৪৮০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১২০০.০০ |
| | | ইএইচটি | | ২৪০০.০০ |

| (১) | | (২) | | (৩) |
|---|---|---|---|---|
| ৫। | গ্রাহকের অনুরোধে মিটার পরীক্ষা চার্জ | এলটি | (১) এক ফেজ | ২৪০.০০ |
| | | | (২) তিন ফেজ | ৪৮০.০০ |
| | | | (৩) এলটিসিটি | ৭২০.০০ |
| | | এমটি ও এইচটি | | ২৪০০.০০ |
| | | ইএইচটি | | ৪৮০০.০০ |
| ৬। | গ্রাহকের অনুরোধে গ্রাহক আঙ্গিনায় মিটার পরিদর্শন চার্জ | এলটি | (১) এক ফেজ | ১৮০.০০ |
| | | | (২) তিন ফেজ | ৩৬০.০০ |
| | | | (৩) এলটিসিটি | ৬০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১২০০.০০ |
| | | ইএইচটি | | ২৪০০.০০ |
| ৭। | গ্রাহকের অনুরোধে মিটার/মিটারিং ইউনিট স্থাপন/ পরিবর্তন/স্থানান্তর ফি | এলটি | (১) এক ফেজ | ৩৬০.০০ |
| | | | (২) তিন ফেজ | ৮৪০.০০ |
| | | | (৩) এলটিসিটি | ২৪০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ৬০০০.০০ |
| | | ইএইচটি | | ১২০০০.০০ |
| ৮। | গ্রাহকের অনুরোধে সার্ভিস ড্রপ ক্যাবল (সার্ভিস ক্রিমপিট/ক্ল্যাম্পসহ) মেরামত/পরিবর্তন/স্থানান্তর ফি | এলটি | (১) এক ফেজ | ২৪০.০০ |
| | | | (২) তিন ফেজ | ৬০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১৫০০.০০ |
| | | ইএইচটি | | ৩০০০.০০ |
| ৯। | গ্রাহকের অনুরোধে সরবরাহ চুক্তি সংশোধন ফি | এলটি | (১) এক ফেজ | ১২০.০০ |
| | | | (২) তিন ফেজ | ৩৬০.০০ |
| | | এমটি, এইচটি ও ইএইচটি | | ১২০০.০০ |
| ১০। | গ্রাহকের অনুরোধে প্রি-পেইড মিটার কার্ড রি-ইস্যু ফি | এলটি, এমটি, এইচটি ও ইএইচটি | | ২৪০.০০ |
| ১১। | গ্রাহকের অনুরোধে ট্রান্সফরমারের তেল (Transformer Oil) পরীক্ষা চার্জ | এমটি, এইচটি ও ইএইচটি | | ১২০০.০০ |

| (১) | | (২) | (৩) |
|---|---|---|---|
| ১২। | গ্রাহকের অনুরোধে জরুরী প্রয়োজনে ড্রপআউট ফিউজ কাট-আউটসহ ট্রান্সফরমার ভাড়া | সর্বোচ্চ ৩০ দিন | ২.৫০ কেভিএ/দিন |
| | | ৩০ দিন পর হইতে | ৫.০০ কেভিএ/দিন |

**শর্তাবলি:**

(ক) উপরি-উক্ত সারণি-২ এ উল্লিখিত ফি/চার্জ ব্যতীত অন্য কোনো ফি/চার্জ আরোপ করা যাইবে না;

(খ) উপরিউক্ত সারণি-২ এর ক্রমিক (৩) এবং (৪) ব্যতীত অন্য কোনো বিবিধ সেবা প্রদানের ক্ষেত্রে সংযোগ বিচ্ছিন্নকরণ বা পুনঃসংযোগ চার্জ আরোপ করা যাইবে না;

(গ) বহুতল আবাসিক বা বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার আবাসিক গ্রাহক তাহার আবাসিক সাব-মিটার এবং বহুতল ভবন/স্থাপনার ফ্ল্যাট মালিক সমিতি উক্ত ভবন/স্থাপনার আবাসিক ফ্ল্যাটের মিটার পরীক্ষার জন্য নির্ধারিত ফিসহ বিতরণ সংস্থা/কোম্পানির নিকট আবেদন করলে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানি উক্ত আবাসিক ফ্ল্যাটের মিটার পরীক্ষা করবে এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে; এবং

(ঘ) উপরি-উক্ত সারণি-২ এ উল্লিখিত ফি/চার্জের ওপর সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হইবে।

২। এই প্রজ্ঞাপনের কোনো বিধানের ব্যাখ্যা অথবা কোনো গ্রাহকের গ্রাহক শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে কোনোরূপ অস্পষ্টতার উদ্ভব হইলে উহা বিদ্যুৎ বিভাগে প্রেরণ করিতে হইবে এবং এইক্ষেত্রে বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

৩। ১২ জানুয়ারি, ২০২৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নম্বর ৯-আইন/২০২৩ এতদ্দ্বারা রহিত করা হইল এবং রহিত প্রজ্ঞাপনের অধীন কোনো কার্যক্রম বা মামলা চলমান থাকিলে উহা উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী নিষ্পত্তি হইবে।

৪। এই প্রজ্ঞাপনের অধীন পুনঃনির্ধারিত বিদ্যুতের খুচরা মূল্যহার ও অন্যান্য চার্জ/ফি বিল মাস ফেব্রুয়ারি, ২০২৪ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নবীরুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd